

# ■■ সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ১৭৫ [আন্তর্জাতিক নাম্বারঃ ৯৫]

১। ঈমান (کتاب الإيمان)

পরিচ্ছেদঃ ৪১. যে কাফির ব্যক্তি বলল লা ইলাহা ইল্লাল্লাহ, তাকে হত্যা করা হারাম।

باب تَحْرِيم قَتْلِ الْكَافِرِ بَعْدَ أَنْ قَالَ لاَ إِلَهَ إِلاَّ اللَّهُ

### আরবী

حَدَّثَنَا قُتُنِبَةُ بْنُ سَعِيدٍ، حَدَّثَنَا لَيْتُ، ح وَحَدَّثَنَا مُحَمَّدُ بْنُ رُمْحٍ، \_ وَاللَّفْظُ مُتَقَارِبٌ \_ أَخْبَرَنَا اللَّيْثِيّ، عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ عَدِيّ بْنِ أَخْبَرَنَا اللَّيْثِيّ، عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ عَدِيّ بْنِ الْخِيَارِ، عَنِ الْمِقْدَادِ بْنِ الأَسْوَدِ، أَنَّهُ أَخْبَرَهُ أَنَّهُ، قَالَ يَا رَسُولَ اللَّهِ أَرَأَيْتَ إِنْ لَقِيتُ رَجُلاً مِنَ الْكُفَّارِ فَقَاتَلَنِي فَصَرَبَ إِحْدَى يَدَىَّ بِالسَّيْفِ فَقَطَعَهَا . ثُمَّ لاَذَ مِنِي بِشَجَرَةٍ فَقَالَ مِنَ الْكُفَّارِ فَقَاتَلَنِي فَصَرَبَ إِحْدَى يَدَى بَالسَّيْفِ فَقَطَعَهَا . ثُمَّ لاَذَ مِنِي بِشَجَرَةٍ فَقَالَ مَن الْكُفَّارِ فَقَاتَلَنِي فَصَرَبَ إِحْدَى يَدَى بَالسَّيْفِ فَقَطَعَهَا . ثُمَّ لاَذَ مِنِي بِشَجَرَةٍ فَقَالَ أَسْلَمْتُ لِلَّهِ . أَفَأَقْتُلُهُ يَا رَسُولَ اللَّهِ بَعْدَ أَنْ قَالَهَا قَالَ رَسُولُ اللَّهِ صِلَى الله عليه وسلم " لاَ تَقْتُلُهُ قَلْ رَسُولُ اللَّهِ بِمَنْزِلَتِكَ قَبْلَ أَنْ قَطْعَهَا أَقْتُلُهُ فَإِنْ قَتَلْتَهُ فَإِنَّهُ بِمَنْزِلَتِكَ قَبْلَ أَنْ تَقْتُلُهُ وَلِنَا بَعْدَ إِنَّكَ بِمَنْزِلَتِهِ قَبْلَ أَنْ يَقُولَ كَلِمَتَهُ الَّتِي قَالَ ". قَالَ رَسُولُ اللَّهِ صِلَى الله عليه وسلم " لاَ تَقْتُلُهُ فَإِنْ قَتَلْتَهُ فَإِنَّهُ بِمَنْزِلَتِهِ قَبْلَ أَنْ يَقُولَ كَلِمَتَهُ الَّتِي قَالَ ".

#### বাংলা

১৭৫-(১৫৫/৯৫) কুতাইবাহ ইবনু সাঈদ ও মুহাম্মাদ ইবনু রুমহ (রহঃ) ..... মিকদাদ ইবনুল আসওয়াদ (রাযিঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি জিজ্ঞেস করলাম, হে আল্লাহর রাসূল! আপনার কি মত? যদি আমি কোন কাফিরের সাথে যুদ্ধে লিপ্ত হই, আর সে আমার উপর আক্রমণ করে তরবারি দ্বারা আমার এক হাত কেটে ফেলে, অতঃপর সে এক বৃক্ষের আড়ালে গিয়ে আমার আক্রমণ থেকে আত্মরক্ষা করে এবং এ কথা বলে যে, আমি আল্লাহর জন্য ইসলাম গ্রহণ করেছি। হে আল্লাহর রাসূল, সে এ কথা বলে যে, আমি আল্লাহর জন্য ইসলাম গ্রহণ করেছি। হে আল্লাহর রাসূল! তার এ কথা বলার পর আমি কি তাকে হত্যা করবো? রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেনঃ না তাকে হত্যা করো না। আমি বললাম, হে আল্লাহর রাসূল! সে তো আমার একটি হাত কেটে ফেলেছে আর এটা কাটার পরই ঐ কথা বলছে? এমতাবস্থায় আমি কি তাকে হত্যা করবো? এবারও রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেনঃ তাকে হত্যা করো না। কেননা যদি তুমি তাকে হত্যা করো তাহলে তাকে হত্যা করার পূর্বে তুমি যে অবস্থায় ছিলে, সে তোমার সে অবস্থায় এসে যাবে। আর ঐ কালিমা বলার পূর্বে সে যে অবস্থায় ছিল, তুমি সে অবস্থায় এসে যাবে\*। (ইসলামিক ফাউন্ডেশনঃ ১৭৬, ইসলামিক



সেন্টারঃ ১৮২)

### **English**

Chapter: The prohibition of killing a disbeliever after he says La ilaha illallah

It is narrated on the authority of Miqdad b. Aswad that he said. Messenger of Allah, you just see (here is a point): If I encountered a person amongst the infidels (in the battlefield) and he attacked me and struck me and cut off one of my hands with the sword. Then he (in order to protect himself from me) took shelter of a tree and said: I become Muslim for Allah's sake. Messenger of Allah, can I kill him after he had uttered this? The Messenger of Allah () said: Do not kill him. I (the narrator) said: Messenger of Allah, he cut off my hand and uttered this after amputating it; should I then kill him? The Messenger of Allah () said: Don't kill him, for I you kill him, verily he would be in a position where you had been before killing him and verily you would be in a position where he had been before uttering (kalima).

## ফুটনোট

\* যদি তাকে হত্যা কর, তাহলে তুমি কাফির হয়ে যাবে, আর সে মুসলিম হয়ে যাবে (অন্তরের মালিক আল্লাহ)। (নবাবী)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ মিকদাদ ইবন আসওয়াদ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন